

তারিখ - 17.2 MAY 2005 -
 পৃষ্ঠা - ৬ - কাল - ৬

দৈনিক
ইনকিলাব

কওমী শিক্ষার সরকারী স্বীকৃতি চাই

**স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়
 প্রতিষ্ঠা করতে হবে -ই. শা. ছাত্র আন্দোলন**

স্টাফ রিপোর্টার : কওমী মাদ্রাসা শিক্ষার সরকারী স্বীকৃতি এবং এফিলিয়েটিং কমতাসম্পন্ন স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবী পুনর্ব্যক্ত করেছে, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন। একই সাথে স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়ের বদলে মাদ্রাসা শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করারও বিরোধিতা করে এর বিরুদ্ধে দুর্বীর আন্দোলন গড়ে তোলার ঘোষণা দিয়েছেন তারা। গতকাল (বৃহস্পতিবার) রাজধানীর কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ এ মত ব্যক্ত করেন।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ ও বিভিন্ন প্রশ্নের জবাব দেন ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সভাপতি মোহাম্মদ জোবায়ের হোসাইন। সংগঠনের সেক্রেটারী জেনারেল শেখ ফজলে বাসী মাসুদ ছাড়াও অন্যান্য নেতৃবৃন্দের মধ্যে কে এম আতিকুর রহমান, দেলোয়ার হোসাইন সাকি, আব্দুল কাদের, তৌফিক ইমাম ও ওমর ফারুক প্রমুখ উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, কওমী মাদ্রাসার ছাত্ররা আন্দর্শ মানুষ গঠনে ডুমিকা রাখা ছাড়াও সমাজের বিভিন্ন স্তরে গঠনমূলক কর্মকাণ্ড পরিচালনা করে আসছে, অর্থাৎ এই বিরাট শিহিত জনগোষ্ঠীর রাষ্ট্রীয় স্বীকৃতি আজও প্রতিষ্ঠিত হয়নি। তারা ফাজিল-কামিলকে ডিগ্রী ও মাস্টার্স-এর সমমান দেয়ার দাবীকে, ছাত্র-জনতার আশের দাবী হিসেবে উল্লেখ করে বলেন, এ দাবীর মূল ভিত্তি হলো স্বতন্ত্র ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে

মাদ্রাসা শিক্ষার স্বীয়তা বজায় রাখা এবং এ শিক্ষা ব্যবস্থায় গড়ে ওঠা জনগোষ্ঠীর অধিকার আদায় করা। কিন্তু অত্যন্ত পরিভ্রাণের বিষয় হলো- একটি চিহ্নিত মহল এ দাবীর সাথে বিশ্বাসঘাতকতা করে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে মাদ্রাসা শিক্ষাকে অন্তর্ভুক্ত করে এ শিক্ষার স্বীয়তাকে ধ্বংস করার গভীর খড়খড়ি লিও রয়েছে।

সাংবাদিক সম্মেলন থেকে স্বতন্ত্র এফিলিয়েটিং কমতাসম্পন্ন আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে ফাজিল-কামিলকে ডিগ্রী ও মাস্টার্সের মান দেয়া, কওমী মাদ্রাসার সরকারী স্বীকৃতি, শিক্ষাসনে স্কলার বৃত্তি ও সেশনজট নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ, ক্রিভেডেন্সারী মাদ্রাসা ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোকে অধিলেহে স্বাভাবিক করণ, এবং সর্বোপরি সার্বজনীন ইসলামী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের দাবীতে ১৩ মে থেকে ১৬ সেপ্টেম্বর পর্যন্ত দেশব্যাপী বিভিন্ন কর্মসূচী মোষণা করা হা।

ইশা ছাত্র আন্দোলন চট্টগ্রাম

ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন চট্টগ্রাম মহানগর সভাপতি ও শূরা সদস্য ছাত্রনেতা মুজাহিদ সগীর আহমদ চৌধুরী, সহ-সভাপতি এ আর এ ফরিদুল আলম, সাধারণ সম্পাদক নাইনুদ্দীন জামশেদ এক বিবৃতিতে আলিম, ফাজিল, কামিলকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ করার জন্য শিল্পমন্ত্রী দায়িত্বহীনভাবে যে সুপারিশমূলক বক্তব্য প্রদান করেছেন তার তীব্র নিন্দা জানিয়েছেন।

নেতৃবৃন্দ মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের বৃকভরা আশার প্রতিফলনমূলক বক্তব্য প্রদানের আহবান জানান।

ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন



ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন গতকাল কেন্দ্রীয় কার্যালয়ে কওমী মাদ্রাসার স্বীকৃতি ও এফিলিয়েটিং কমতাসম্পন্ন স্বতন্ত্র ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীতে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে